



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৭০০০.০১৭.২৭.০০১.২০২০-১৮৬

তারিখ: ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার দাইপুকুরিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আতিকুল ইসলাম ও ০৫নং ওয়ার্ডের সদস্য (প্যানেল চেয়ারম্যান-১) জনাব মো: জিয়াউর রহমান এর বিরুদ্ধে একই ইউনিয়নের হেরাশ উদ্দিনের ছেলে আসামুদ্দিনের উপর বল প্রয়োগ করে সম্পত্তি আদায়ের জন্য জোরপূর্বক ব্যাংকের চেকের ০৫টি পাতায় এবং কয়েকটি নন জুডিসিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর নেওয়ার অভিযোগে ৪৪৮/৩৪২/৩৬৮/৩৪/১০৯ ধারায় শিবগঞ্জ থানায় দায়েরকৃত সি আর মামলা নং-৩৮২/২০২০, তারিখ: ০৩/০১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যান ও সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার দাইপুকুরিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আতিকুল ইসলাম ও ০৫নং ওয়ার্ডের সদস্য (প্যানেল চেয়ারম্যান-১) জনাব মো: জিয়াউর রহমান এর বিরুদ্ধে একই ইউনিয়নের হেরাশ উদ্দিনের ছেলে আসামুদ্দিনের উপর বল প্রয়োগ করে সম্পত্তি আদায়ের জন্য জোরপূর্বক ব্যাংকের চেকের ০৫টি পাতায় এবং কয়েকটি নন জুডিসিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর নেওয়ার অভিযোগে ৪৪৮/৩৪২/৩৬৮/৩৪/১০৯ ধারায় শিবগঞ্জ থানায় দায়েরকৃত সি আর মামলা নং-৩৮২/২০২০, তারিখ: ০৩/০১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার দাইপুকুরিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আতিকুল ইসলাম ও ০৫নং ওয়ার্ডের সদস্য (প্যানেল চেয়ারম্যান-১) জনাব মো: জিয়াউর রহমান সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যান ও সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২০/২/২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Upllgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৭০০০.০১৭.২৭.০০১.২০২০- ১৮৬

তারিখ: ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ✓ ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: আতিকুল ইসলাম, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), দাইপুকুরিয়া ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। জনাব মো: জিয়াউর রহমান, ইউপি সদস্য, ০৫নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), দাইপুকুরিয়া ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০/২/২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব